

## বাংলাদেশ

### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২৬তম ব্যাচ অ্যালামনাইয়ের কমিটি

বিজ্ঞপ্তি

আপডেট: ১৯ জুন ২০২৫, ১৯: ৪১



(বাঁ থেকে) মো. মোফাচ্ছেল হক, মো. রোকনুজ্জামান ও মো. ফজলুল হক ছবি: বিজ্ঞপ্তি

নতুন কমিটিতে অঞ্চলভিত্তিক পাঁচটি কমিটি গঠন করা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২৬তম ব্যাচ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা ও সেন্ট পুনর্মিলনী ১৩ জুন অনুষ্ঠিত হয়েছে। আলোচনা পর্ব শেষে গোপন ভোটের মাধ্যমে ২০২৫-২৬ বর্ষের জন্য নতুন কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়। এতে সভাপতি পদে টি কে গ্রহণের বিজনেস ডিরেক্টর মো. মোফাচ্ছেল হক, সেক্রেটারি পদে

অধ্যাপক মো. রোকনুজ্জামান আজাদ ও কোষাধ্যক্ষ পদে জনতা ব্যাংকের উপমহাব্যবস্থাপক (ডিজিএম) মো.

ফজলুল হক অরুণ নির্বাচিত হন।

চট্টগ্রাম ক্লাবে অনুষ্ঠানের শুরুতেই ছিল শুভেচ্ছা বিনিময়, পূর্ববর্তী বছরের কর্মকাণ্ড উপস্থাপন ও অ্যালামনাইদের পারস্পরিক মতবিনিময়। নির্বাচনের পর প্রধান নির্বাচন সমন্বয়ক জয়নাল আবেদীন নতুন কমিটিকে শপথবাক্য পাঠ করান। নবনির্বাচিত কমিটির প্রত্যেক সদস্য একসঙ্গে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

নতুন কমিটিতে ঢাকা, চট্টগ্রাম, সিলেট, কুমিল্লা এবং নোয়াখালী-ফেনী অঞ্চলভিত্তিক পাঁচটি কমিটি গঠন করা হয়।

ঢাকা অঞ্চলের সমন্বয়কের দায়িত্ব পান স্ট্যান্ডার্ড ইনস্যুরেন্স লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মো. আবুল কালাম আজাদ। চট্টগ্রাম অঞ্চলের নেতৃত্বে থাকবেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফরেন্সিক ইনস্টিউটের পরিচালক অধ্যাপক মো. আকতার হোসেন। সিলেট অঞ্চলের দায়িত্ব পেয়েছেন সফিউর রহমান, কুমিল্লা অঞ্চলে মিয়া মোহাম্মদ তৌফিক ও নোয়াখালী-ফেনী অঞ্চলে মো. আবু বকর সিদ্দিক। এই কমিটিগুলো অ্যালামনাই সদস্যদের সঙ্গে যোগাযোগ জোরদার, বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধিতে কাজ করবে।

শেষ পর্বে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। **বিজ্ঞপ্তি**

